



স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০০১-১৯/ ৪১-৭৬

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিষয়: বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর কর্মকর্তাদের চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহতিকরণ সম্পর্কিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব হাবিবুর রহমান
মহাপরিচালক, ব্যানবেইস।
সভার তারিখ ও সময় : ২৭.০৯.২০২১ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান : ব্যানবেইস সভাকক্ষ।
উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাগণের বিবরণ পরিবিষ্ট 'ক' এ সন্নিবেশিত।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিসংখ্যান অফিসার জনাব মোঃ ফখরুল হাসান 4IR এর উপর একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

- ১ম শিল্প বিপ্লব থেকে ৪র্থ শিল্প বিপ্লব পর্যন্ত যুগান্তকারী আবিষ্কারসমূহ।
- চতুর্থ শিল্প বিপ্লবের ভিত্তি যেমন- ব্লক চেইন প্রযুক্তি, AI, VR & AR, Big data analysis, Cloud Computing, cyber security.
- শিক্ষাতথ্য ব্যবস্থাপনা এবং শিক্ষাক্ষেত্রে নীতি নির্ধারণে 4IR এর প্রযুক্তিসমূহ কিভাবে ব্যবহার করা যায় তা নিয়ে বিশদ আলোচনা হয়।

উক্ত প্রেজেন্টেশনের পরিপ্রেক্ষিতে সভাপতি 4IR এর চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় ব্যানবেইস কি ভূমিকা পালন করতে পারে তা আলোচনা করার জন্য সকলকে অনুরোধ জানান।

২। ব্যানবেইসের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মোঃ আবু তাহের খান বলেন, তথ্য ব্যবস্থাপনার নিরাপত্তার স্বার্থে ব্লকচেইন প্রযুক্তি এখন বিশ্বব্যাপী বহুল ব্যবহৃত। ব্যানবেইস যেহেতু শিক্ষাসংক্রান্ত তথ্য উপাত্তসমূহের ডাটা সেন্টার এবং IEIMS প্রকল্পের মাধ্যমে আরো বিপুল সংখ্যক তথ্য উপাত্ত ব্যবস্থাপনার সিস্টেম ডেভেলপ করা হচ্ছে, তাই এসব তথ্য উপাত্তসমূহের নিরাপত্তা গোপনীয়তার স্বার্থে ব্লকচেইন প্রযুক্তির ব্যবহার করা যেতে পারে। তিনি আরো বলেন, ভবিষ্যতে Cloud computing এর উপর ব্যানবেইসকে গুরুত্বারোপ করতে হবে এবং Big data analysis এর উপর কাজ করার প্রয়োজনীয়তা তুলে ধরতে হবে।

৩। ব্যানবেইসের পরিসংখ্যান বিভাগের চিফ জনাব শেখ মোঃ আলমগীর জানান প্রতিবছর বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপের মাধ্যমে ৩৬,০০০ শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য উপাত্ত ব্যানবেইস সংরক্ষণ করে থাকে। এই বিগ ডেটা ব্যবস্থাপনা ও এনালিসিস এর জন্য কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির ও প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।

৪। সভাপতি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ব্যানবেইসকে যুগের সাথে তাল মিলিয়ে এগিয়ে যেতে হবে। তিনি বলেন, IEIMS প্রকল্পের মাধ্যমে জানুয়ারিতে Big data analysis এর উপর প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। এক্ষেত্রে Big data analysis ও 4IR এর সাথে তাল মিলিয়ে ব্যানবেইসের অধিক্ষেত্রে সংশ্লিষ্ট কি কি উদ্যোগ গ্রহণ করা যেতে পারে তা বিবেচনার জন্য পরিসংখ্যান বিভাগ, আইসিটি বিভাগ ও প্রকল্পের কর্মকর্তাদের সমন্বয়ে দুটি পৃথক কমিটি গঠনের বিষয়ে গুরুত্বারোপ করেন।


৫। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) Big Data Analysis এর বিষয়ে পর্যালোচনা ও করণীয় সম্পর্কে সুপারিশ প্রণয়নের জন্য পরিসংখ্যান বিভাগ, আইসিটি বিভাগ ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে;

খ) চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষকদের আইসিটি ট্রেনিং বিশ্লেষণ ও Scope of Work নির্ধারণের বিষয়ে পর্যালোচনা ও করণীয় সম্পর্কে সুপারিশ প্রণয়নের জন্য আইসিটি বিভাগ, প্রশাসন বিভাগের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে; এবং

গ) উচ্চতর গবেষণা ও ব্যানবেইসের গবেষণায় চতুর্থ শিল্প বিপ্লবের সাথে সংগতি রেখে বিষয়ভিত্তিক গবেষণা পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(হাবিবুর রহমান)
মহাপরিচালক


















☎: ৫৫১৫২১৬০













ই-মেইল: dg@banbeis.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ২। সকল কর্মকর্তা, ব্যানবেইস।
- ৩। অফিস কপি।

ব্যানবেইসের ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের নামের তালিকা

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব হাবিবুর রহমান	মহাপরিচালক	
২.	জনাব মো: কায়ছার রহমান	পরিচালক	
৩.	জনাব মো: আবু তাহের খান	সিনিয়র সিস্টেম এনালিষ্ট	
৪.	শেখ মো: আলমগীর	চিফ, স্ট্যাটিস্টিক বিভাগ (চ.দা)	
৫.	জনাব মো: আবদুস সালাম	উপপরিচালক (প্রশাসন)	
৬.	জনাব মো: ইব্রাহীম খলীল	উপপরিচালক (অর্থ)	
৭.	কাজী ইলিয়াস উদ্দিন আহম্মেদ	স্পেশালিস্ট (ডকুমেন্টেশন)	
৮.	জনাব মো: মেছবাহুল হক	স্পেশালিস্ট (পাবলিকেশন)	
৯.	জনাব ফারজানা জেসমিন কামাল	স্পেশালিস্ট, লাইব্রেরি	
১০.	জনাব এস. এম কামরুল হাসান	স্পেশালিস্ট, পরিসংখ্যান	
১১.	কে. এম হাসানুল্লাহ মাহমুদ	প্রোগ্রামার	
১২.	জনাব মো: মিজানুর রহমান	প্রোগ্রামার	
১৩.	জনাব হাবিবুর রহমান	সহকারী পরিচালক (প্রশাসন-১)	
১৪.	জনাব মো: মোতাহার হোসেন	সহকারী পরিচালক (অর্থ)	
১৫.	সাবের মাহমুদ	সহকারী পরিচালক (প্রশাসন-২)	
১৬.	জনাব বুলিয়া বেগম	পাবলিকেশন অফিসার	
১৭.	জনাব শাহীনা সুলতানা	পরিসংখ্যান কর্মকর্তা	
১৮.	ড. রীতা পারভীন	গবেষণা কর্মকর্তা (সংযুক্ত)	
১৯.	জনাব হাফিজা বুলবুল রুবি	ডকুমেন্টেশন অফিসার	
২০.	জনাব মোহাম্মদ ফখরুল হাসান	পরিসংখ্যান কর্মকর্তা	

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
২১.	জনাব মো: নাজমুল হক আনছারী	সহকারী প্রোগ্রামার	 29/12/20
২২.	জনাব সুজন চন্দ্র দাস	সহকারী প্রোগ্রামার	 29/12/20
২৩.	মো: ইফতিয়ার আলম	সহকারী প্রোগ্রামার	
২৪.	জনাব মো: ফজলে রাব্বী	সহকারী প্রোগ্রামার	 29/12/20
২৫.	জনাব মো: লিয়াজ মাহামুদ লিমন	সহকারী প্রোগ্রামার	 29/12/20
২৬.	জনাব নূর মোহাম্মদ	পরিসংখ্যান কর্মকর্তা	
২৭.	জনাব মো: রকিফুল আলম	গবেষণা কর্মকর্তা	 29/12/2020
২৮.	জনাব মো: মনিরুজ্জামান	গবেষণা কর্মকর্তা	 29/12/2020
২৯.	জনাব উম্মে নাজাইরা লিজা	পরিসংখ্যান কর্মকর্তা	 29/12/20
৩০.	জনাব মো: মাজহারুল ইসলাম	পরিসংখ্যান কর্মকর্তা	
৩১.	জনাব মোহা: তরিকুল ইসলাম	সহকারী পরিসংখ্যান অফিসার	 29/12/2020
৩২.	ড. মো: মিজানুর রহমান	লাইব্রেরিয়ান	
৩৩.	জনাব মো: শফিউল আলম	প্রশাসনিক কর্মকর্তা (চ.দা.)	
৩৪.	জনাব মো: আশ্রাফ আলী	সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা (চ. দা.)	 29/12/20
৩৫.	জনাব মো: আমিনুর রহমান	সহকারী পরিসংখ্যান অফিসার (চ. দা.)	 29/12/20

IEIMS প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণের নাম ও পদবী

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১.	প্রফেসর মো: শামছুল আলম	প্রকল্প পরিচালক	
২.	ড. মো: নাসির উদ্দিন গনি	উপ প্রকল্প পরিচালক	(স্বাক্ষর) ২৭/১২/২০২১
৩.	কে এম হাসানুল্লাহ মাহমুদ	সহকারি প্রকল্প- পরিচালক	
৪.	জনাব মো: শাহিন আলম	হিসাব রক্ষক	
৫.	জনাব মো: লিমন হোসেন	ডাটা-এন্ট্রি অপারেটর	
৬.	জনাব মো: জহিরুল ইসলাম	ডাটা-এন্ট্রি অপারেটর	
৭.	জনাব রিয়াদ খান	ডাটা-এন্ট্রি অপারেটর	
৮.	জনাব মো: আমিনুল ইসলাম	অফিস সহায়ক	
৯.	জনাব রায়হান ছোবহান	অফিস সহায়ক	
১০.	জনাব মো: রেজাউল করিম	ড্রাইভার	

UITRCE Pace-2 প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণের নাম ও পদবী

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব মো: মোফাখখাবুল ইসলাম	উপপ্রকল্প পরিচালক	
২.	জনাব নাজিম উদ্দিন আহম্মদ	প্রকল্প কর্মকর্তা	স্বাক্ষর ২৭/১২/২০২১
৩.	জনাব ইমরান হোসেন	হিসাব রক্ষক	স্বাক্ষর
৪.	জনাব শাহীন হোসেন রিপন	ডাটা-এন্ট্রি অপারেটর	স্বাক্ষর
৫.	জনাব মো: সেলিম মিয়া	গাড়ী চালক	
৬.	জনাব মো: মাইন উদ্দিন হোসেন রিপন	গাড়ী চালক	স্বাক্ষর

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভার খন্ডচিত্র:

